

## প্রশিক্ষার্থীদের প্রশ্ন ও তার সম্ভাব্য উত্তরঃ

### খুলনা

**প্রশ্ন ১) কেউ যদি আমার অ্যাকাউন্ট হ্যাক করে তাহলে কি করতে হবে?**

**উত্তরঃ** ফেসবুক একাউন্ট সুরক্ষা রাখার সব ধরনের ব্যবস্থা করে রাখলেও অনেক সময় একাউন্ট হ্যাক হয়ে যায়। তাই হ্যাক হওয়া মাত্রই প্রয়োজনীয় পদক্ষেপগুলো গ্রহণ এবং ফেসবুক একাউন্টটি উদ্ধার করতে নিম্নোক্ত নির্দেশনাগুলো অনুসরণ করুন-

১) প্রথমেই <http://www.facebook.com/hacked> লিঙ্কে যান ;

২) এখান থেকে “My account is compromised” এই বাটনে ক্লিক করুন;

৩) এখানে আপনার হ্যাক হওয়া একাউন্ট সম্পর্কিত তথ্য চাইবে। উল্লেখ করা ৩ টি অপশনের ক্ষেত্রে আপনার জন্য প্রযোজ্য যেকোন একটির তথ্য দিয়ে সার্চ অপশনে ক্লিক করুন;

৪) আপনার প্রদত্ত তথ্য সঠিক হলে এখানে আপনার একাউন্টটিই দেখতে পাবেন;

৫) “This is My Account” এ ক্লিক করুন;

৬) ক্লিক করার পর আপনার পুরাতন পাসওয়ার্ডটি চাইবে;

এখানে আপনার পুরাতন পাসওয়ার্ড টি দিয়ে “Continue” করুন। আপনাকে একটা নিশ্চিতকরণ (কনফার্মেশন) মেসেজ দেয়া হবে। তার পরে কন্টিনিউ করে পরের স্টেপ গুলি পার করুন। সাধারণত পরের স্টেপে আপনার কাছ থেকে একটা নতুন পাসওয়ার্ড চাওয়া হবে। পরের ফর্মগুলো ঠিক ঠাক পূরন করলে ফেসবুক থেকে আপনার একাউন্ট আবার ফেরত পেয়ে যাবেন।

### আইনগত প্রতিকারঃ

ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৩৪ ধারা অনুযায়ী হ্যাকিং একটি আমলযোগ্য অপরাধ। সুতরাং ডিজিটাল নিরাপত্তা আইন অনুসারে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**প্রশ্ন ২) কোন অ্যাকাউন্ট হ্যাক হলে উক্ত অ্যাকাউন্ট উদ্ধার করার পরে ব্যবহার করা নিরাপদ কিনা?**

**উত্তরঃ** কোন অ্যাকাউন্ট হ্যাক হলে উক্ত অ্যাকাউন্ট উদ্ধার করার পরে ব্যবহার করা যাবে। তবে সেক্ষেত্রে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। মোবাইল নাম্বার অথবা জিমেইল দিয়ে আইডি খুলে থাকলে সেগুলো পরিবর্তন করতে হবে। অবশ্যই টু ফ্যাক্টর অথেনটিকেশন চালু রাখতে হবে।

**প্রশ্ন ৩) অনেক সময় দেখা যায় যে ব্রাউজারে অনেক অবাঞ্ছিত সাইটের লিংক চলে আসে এগুলো কিভাবে এড়ানো সম্ভব?**

**উত্তরঃ** অনেক সময় দেখা যায় ব্রাউজার ওপেন করলেই বিজ্ঞাপন এবং পপআপে ভর্তি হয়ে থাকে স্ক্রিন। এসব বিরক্তিকর বিজ্ঞাপন মাঝে মাঝে আমাদের গুরুত্বপূর্ণ কাজে বাধা সৃষ্টি করে। এখানে গুগলক্রোমে কি করে এসব বিরক্তিকর বিজ্ঞাপন এবং পপআপ ব্লক করার জন্য নিম্নোক্ত পদ্ধতি অবলম্বন করতে পারেন-

১) প্রথমেই গুগলক্রোম ব্রাউজার ওপেন করে উপরে একেবারে ডানে কোনায় কাস্টোমাইজ এবং কন্ট্রোল বাটনে ক্লিক করে করে **Settings** এ ক্লিক করুন।

২) এখন **Extensions** সিলেক্ট করে নিচে **Get more extensions** এ ক্লিক করুন।

৩) এখন সার্চ বক্সে **adblock plus** লিখে সার্চ করুন এবং **adblock** গুগলক্রোমে অ্যাড করুন।

৪) অনুরূপভাবে **adblock plus pop up** লিখে সার্চ করে **popper blocker** গুগলক্রোমে অ্যাড করুন।

৫) এখন আপনার **Extensions** এ পুনরায় গেলে এই দুটি অ্যাডব্লককার অপশন খুঁজে পাবেন। ব্যাস, এখন দেখবেন আপনার ক্রোম ব্রাউজারে আর বিরক্তিকর ও অবাস্তবিক বিজ্ঞাপন এবং পপআপ দেখাচ্ছেনা।

**প্রশ্ন ৩) কেউ যদি আমার ফেসবুক আইডি হ্যাক করে তাহলে তার শাস্তি কী হবে?**

**উত্তরঃ** ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা ৩৪ অনুযায়ী হ্যাকিং একটি অপরাধ। যদি কোন ব্যক্তি আপনার ফেসবুক আইডি হ্যাক করেন তবে তিনি হ্যাকিং এর অপরাধে দোষী সাব্যস্ত হবেন এবং তিনি অনধিক ১৪ বছর কারাদন্ডে বা অনধিক ১ (এক) কোটি টাকা অর্থদন্ডে, বা উভয় দন্ডে দন্ডিত হইবেন। এছাড়া যদি তিনি এই অপরাধ পুনঃপুন সংঘটন করেন তাহলে যাবজ্জীবন কারাদন্ডে বা ৫ কোটি টাকা অর্থদন্ডে, বা উভয় দন্ডে দন্ডিত হবেন।

**প্রশ্ন ৪) ফেসবুকে যে লোকেশন থেকে লগ ইন করা হয়েছে যদি সেটা ছাড়া ভিন্ন কোন লোকেশন দেখায় সেক্ষেত্রে করণীয় কি?**

**উত্তরঃ** এ ধরনের ঘটনা আপনার অবস্থানের পরিবর্তন জনীত কারণে ঘটতে পারে। তবে যদি সন্দেহ হয় তবে আপনার ফেসবুক একাউন্টের নিরাপত্তার জন্য ফেসবুক কর্তৃপক্ষ বাড়তি কিছু ব্যবস্থা নেয়ার পরামর্শ দিয়েছে যার সবগুলোই রয়েছে আপনার একাউন্টের সিকিউরিটি এন্ড লগ ইন অংশে। আপনার একাউন্টের নিরাপত্তার স্বার্থে উক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে পারেন। এক্ষেত্রে আপনার ফেসবুক আইডির হোমপেজের উপরের অংশের একবারে ডানদিকের চিহ্নটিতে ক্লিক করে সিকিউরিটি এন্ড লগইনে প্রবেশ করুন। একটু নীচের দিকে অপরিচিত লগইনের বিষয়ে সতর্ক বার্তা গ্রহণের ব্যাপারে নির্দেশনা দেখতে পাবেন। এর ডানদিকে এডিট বাটনে ক্লিক করে একাউন্ট এবং মেসেঞ্জারের লগইনের বিষয়ে সতর্ক বার্তা পাবার বিষয়টি চালু করে দিন। এরপর সেভ বাটনে ক্লিক করলে আপনার পাসওয়ার্ড চাইবে। আপনি পাসওয়ার্ড প্রদান করার পর থেকে যখনই অপরিচিত কোন স্থান বা ডিভাইস থেকে আপনার একাউন্ট লগইন করা হবে, তখনই উক্ত লগইন এর বিষয়টি ফেসবুক আপনাকে একটি বার্তা বা মেসেজ দিয়ে জানাবে। আপনাকে **টু-ফ্যাক্টর ভেরিফিকেশন** বা দ্বি-স্তর যাচাই ব্যবস্থা চালু করে নিতে হবে। এক্ষেত্রে কেউ আপনার পাসওয়ার্ড পেলেও কোড না থাকার কারণে লগইন করতে পারবে না।